যুগান্তর

৭/৮/২০০৭

তারিখ ........
পৃষ্ঠা ...২... ৩ কলাম ...১......

# ছাত্রদলের ডাকে শাবি'তে ধর্মঘট শুরু হয়েছে

সিলেট ব্যুরো

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘটের প্রথম দিন গতকাল অতিবাহিত হয়েছে। ধর্মঘট থাকায় বিশ্ববিদ্যালয়ে গতকাল কোন ক্লাস হয়নি। বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলবস্থার কারণে হলের ছাত্রছাত্রীরা বাড়ি ফিরে যাচ্ছে। গতকাল সারাদিন বিশ্ববিদ্যালয় এলাকায় থমথমে অবস্থা বিরাজ করলেও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের উদ্ভূত পরিস্থিতি নিরসনের জন্য গতকাল পর্যন্ত কোন সমঝোতা হয়নি। ছাত্রদলের ১০ দফা দাবি মেনে নিয়ে বিশ্ববিদ্যালয়ে শান্ত পরিবেশ ফিরিয়ে আনার জন্য গতকাল দুপুরে ক্যাম্পাসে সমাবেশ করেছে ছাত্রদল। শাহ পরান হলের প্রভোস্ট ড. গৌরাঙ্গ দেব রায়ের পদত্যাগের দাবিতে ছাত্রদল এখনও অনড়। অপরদিকে উত্তপ্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গত রোববার বিকালে সিন্ডিকেটের এক জরুরি বৈঠক বসে। ওই বৈঠকে সার্বিক পরিস্থিতির আলোকে তিনটি সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্তগুলো হচ্ছে ক্যাম্পাসে অবৈধ অস্ত্র সম্পর্কে কোন তথ্য থাকলে যে কোন সময় উদ্ধারের জন্য পুলিশ প্রশাসন অস্ত্র উদ্ধারে পদক্ষেপ গ্রহণ করতে পারবে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবৈধ বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ করা হয় ও বৈধ ছাত্রদের হলে অবস্থান নিশ্চিত করার জন্য হল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়। এদিকে কর্তৃপক্ষ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ছাত্রদলকে আলোচনায় বসতে ডাক দিয়েছে। ছাত্রদল বলছে, তাদের ১০ দফা দাবি মেনে নিয়ে তাদের আলোচনায় বসার ডাক দিলে তারা বসবে।